স্মৃতিলেখা

আর্যনীল মুখোপাধ্যায়

দিনলিপি এক ভাবনাবর্ত
যেখানে জালের ওপরে ভাবনাদের শরীর সাদা তুলোট
তাদের অনর্গল ভাসমানতা ট্রাপিজ এর হাত ধ'রে ওর হাতে
ওর হাত থেকে আবার অন্য স্টেশন

মহাজাগতিক সম্পর্কে কেউ কারো নয়
দিনলিপিতে দিন ব'লে আসলে কিছু নেই
একেকটা পাথর পেরিয়ে যাওয়া ভাবনাস্রোতের ধারে
জ'মে থাকা নিটোল মন্ড সম্ভাবনা
যার নামে পাথর
যার নামে পিঁপড়ের রশদ জমছে
এক একটা চাঁই তৈরি হয় আর পিপীলিকাপ্রবাহ
আবার চ'লে যায় পাশের চাঁইতে

লেখার প্রয়োজনেই আসে স্মৃতির তীব্র তামসিক জটাজাল
যাকে ছিঁড়ে ছিঁড়ে লেখা
এক তনুকল্প লিখন যে হ'য়ে উঠতে চায়
এক লিখন সে ললাটের হোক কি মলাটের